

কৃষিই সমৃদ্ধি



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

সাধারণ পরিচর্যা বিভাগ

www.badc.gov.bd


স্মারক নং-১২.২০৬.০১৮.০০০০.০১৬.২০১৭ - ৪০

তারিখ : ২৬ ফাল্গুন ১৪৩২
১১ মার্চ ২০২৬

বিষয়: আসন্ন সাপ্তাহিক ছুটি ও পবিত্র ঈদুল ফিতরের সরকারী ছুটিকালীন সময়ে নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণের লক্ষ্যে পুলিশ টহল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থা বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) 'র কর্মচারীদের মিরপুরস্থ বিএডিসি আবাসিক স্টাফ কোয়ার্টার (বাড়ী নং-২৬, দারুস সালাম রোড, মিরপুর-১, ঢাকা)-এ মোট ৩০০ (তিনশত)টি ফ্ল্যাট রয়েছে। উক্ত ফ্ল্যাটসমূহে বিএডিসি'র প্রায় ২৭০ (দুইশত সত্তর) জন কর্মকর্তা/কর্মচারী তাঁদের পরিবারের সদস্যসহ প্রায় ১০০০ (এক হাজার) জন লোক বসবাস করেন। আবাসনে নিরাপত্তার জন্য ০১ (এক) জন নিরাপত্তা প্রহরী নিরাপত্তার দায়িত্বে রয়েছেন। আগামী ১৭ মার্চ ২০২৬ তারিখ হতে ২৩ মার্চ ২০২৬ তারিখ পর্যন্ত সাপ্তাহিক ছুটি ও পবিত্র ঈদ-উল ফিতরের ছুটি থাকায় মিরপুরস্থ বিএডিসি স্টাফ কোয়ার্টারে বসবাসকারী অনেকেই গ্রামের বাড়িতে ঈদ উদযাপন করতে যাবেন। ফলে বিএডিসি স্টাফ কোয়ার্টারের সার্বিক নিরাপত্তা জোরদারকরণের প্রয়োজন রয়েছে।

০২. এমতাবস্থায়, পবিত্র ঈদুল ফিতর ছুটির সময় দিনে এবং রাতে আপনার দপ্তর থেকে যে টহল পুলিশের ব্যবস্থা করা হয়ে থাকে তাতে মিরপুরস্থ বিএডিসি স্টাফ কোয়ার্টারকে পুলিশ টহলের অন্তর্ভুক্ত রাখা ও নিরাপত্তা জোরদারকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে নির্দেশক্রমে বিশেষভাবে অনুরোধ জানানো হলো।


(মো: আবুল কালাম আজাদ)
যুগ্মপরিচালক
বিএডিসি, ঢাকা।

ফোন: ০২-২২৩৩৮১৭১১

ই-মেইলঃ jscsbadc@gmail.com

অফিসার ইনচার্জ
দারুস সালাম থানা
ডিএমপি, ঢাকা।

বিতরণ-কার্যার্থে/ ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. উপপুলিশ কমিশনার, মিরপুর বিভাগ, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী (নির্মাণ), বিএডিসি, ঢাকা।
৩. কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (পত্রটি বিএডিসি'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. সহকারী পরিচালক-২, সাধারণ পরিচর্যা বিভাগ, বিএডিসি, ঢাকা।
৫. সচিব মহোদয় এর সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
৬. সহকারী পরিচর্যা কর্মকর্তা, সাধারণ পরিচর্যা বিভাগ, বিএডিসি, ঢাকা।
৭. জনাব মো: মহিউদ্দিন নিরাপত্তা প্রহরী, সাধারণ পরিচর্যা বিভাগ, বিএডিসি, ঢাকা। (নিরাপত্তা জোরদারকরণের নির্দেশ প্রদান করা হলো)।
৮. অফিস কপি/মাস্টার ফাইল।